গ্রাহক ও কর্মীদের জন্য Key to NYC এর ন্যায্য বাস্তবায়ন সম্পর্কিত নির্দেশিকা

এই নথিটি আপনাকে Key to NYC এর আওতাধীন ব্যবসা প্রতিষ্ঠানের ন্যায্য আচরণে আপনার অধিকার সম্পর্কে তথ্য প্রদান করে যেখানে গ্রাহক ও কর্মীদেরকে নির্দিষ্ট ইনডোর কর্মকাণ্ডে জড়ানোর আগে টিকা গ্রহণের প্রমাণ প্রদর্শন করতে হবে। 17 আগস্ট 2021 থেকে শুরু করে, 12 বছর ও তার বেশি বয়সী লোকদেরকে ইনডোর খাওয়া-দাওয়া, ইনডোর ফিটনেস ও ইনডোর বিনোদনের জন্য প্রমাণ প্রদর্শন করতে হবে যে তারা FDA বা WHO কর্তৃক জরুরি ব্যবহারের অনুমোদন প্রাপ্ত COVID-19 টিকার অন্তত একটি ডোজ গ্রহণ করেছেন।

Key to NYC এর আওতাধীন ব্যবসা প্রতিষ্ঠানের একজন গ্রাহক বা কর্মী হিসেবে নিউ ইয়র্ক সিটি হিউম্যান রাইটস ল' (York City Human Rights Law, NYCHRL) এর অধীনে আপনার নিম্নলিখিত অধিকারগুলো রয়েছে:

1. কোনো ব্যবসার পৃষ্ঠপোষকতা বা কাজে যোগদান করতে গিয়ে আপনার বর্ণ, জাতীয়তা, প্রতিবন্ধীত্ব, লিঙ্গ, ধর্ম/ধর্মীয় বিশ্বাস, বয়স অথবা NYCHRL এর সুরক্ষাধীন অন্য যেকোনো বৈশিষ্ট্যের ভিত্তিতে বৈষম্য বা হয়রানি থেকে মুক্ত থাকার অধিকার। উদাহরণস্বরূপ, Key to NYC এর আওতাধীন ব্যবসার মালিকরা:
    - আপনার বর্ণ, জাতীয়তা বা ধর্মের লোকদের টিকা গ্রহণের সম্ভাবনা কম এমন ধারণার ভিত্তিতে অন্য লোকদের প্রদত্ত প্রমাণের তুলনায় আপনার প্রদত্ত প্রমাণাদি অধিক খুঁটিয়ে দেখতে পারবে না;
    - বয়স্ক বা প্রতিবন্ধী লোকদের জন্য COVID-19 অধিক বিপজ্জনক এমন ধারণার ভিত্তিতে শুধুমাত্র এই শ্রেণির লোকদের কাছ থেকে টিকা গ্রহণের প্রমাণ চাইতে পারবে না; অথবা টিকা প্রাপ্তির নির্দিষ্ট ধরনের বৈধ প্রমাণ গ্রহণে অস্বীকৃতি জানাতে পারবে না যেমন যুক্তরাষ্ট্রের বাইরের দেশসমূহের সরকারি টিকার রেকর্ড বা CDC টিকাদান কার্ড।
2. গ্রাহক হিসেবে, প্রতিবন্ধিতার কারণে যদি আপনি টিকা গ্রহণের প্রমাণ দেখাতে সক্ষম না হন, তাহলে ব্যবসা প্রতিষ্ঠানের সেবা অ্যাক্সেস করার জন্য যুক্তিসঙ্গত অবস্থান সুবিধা পাওয়ার অধিকার আপনার রয়েছে। তবে, এরকম করতে গিয়ে যদি অন্য গ্রাহক বা ব্যবসা প্রতিষ্ঠানের কর্মীদের জন্য সরাসরি ঝুঁকির সম্ভাবনা তৈরি হয় অথবা প্রতিষ্ঠানের জন্য তা অত্যধিক কষ্টের কারণ হয়, তাহলে ব্যবসা প্রতিষ্ঠান কোনো যুক্তিসঙ্গত অবস্থান সুবিধা প্রদানে বাধ্য থাকবে না।
    - যদি আপনি প্রতিবন্ধীত্বের কারণে টিকা গ্রহণের প্রমাণ প্রদর্শন করতে না পারেন, তাহলে ব্যবসা প্রতিষ্ঠানকে অবশ্যই আপনার সাথে একটি সহযোগিতামূলক আলোচনায় অথবা সরল বিশ্বাসে সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় যুক্ত হতে হবে আপনাকে যুক্তিসঙ্গত অবস্থান কোনো সুবিধা দেওয়া সম্ভব কিনা।
    - যুক্তিসঙ্গত অবস্থান সুবিধা বিভিন্ন ধরনের হতে পারে। উদাহরণস্বরূপ, একজন গ্রাহক সাথে করে নেওয়ার জন্য খাবার কিনতে পারেন, ভার্চুয়াল ব্যায়ামের ক্লাসে যোগ দিতে পারেন বা ফোনে কোনো বিক্রয় প্রতিনিধির সাথে কথা বলতে পারেন।
3. একজন কর্মী হিসেবে, আপনার কাজ করার জন্য যুক্তিসঙ্গত অবস্থান সুবিধা পাওয়ার অধিকার আপনার রয়েছে যদি আপনি প্রতিবন্ধীত্ব, গর্ভাবস্থা, ধর্মীয় বিশ্বাসের কারণে অথবা গৃহ নির্যাতন, নজরদারী বা যৌন অপরাধের শিকার হওয়ার কারণে টিকা গ্রহণের প্রমাণ প্রদর্শনে সক্ষম না হন। তবে, এরকম করতে গিয়ে যদি অন্য গ্রাহক বা ব্যবসা প্রতিষ্ঠানের কর্মীদের জন্য সরাসরি ঝুঁকির সম্ভাবনা তৈরি হয় অথবা প্রতিষ্ঠানের জন্য তা অত্যধিক কষ্টের কারণ হয়, তাহলে আপনার নিয়োগকর্তা আপনাকে কোনো যুক্তিসঙ্গত অবস্থান সুবিধা প্রদানে বাধ্য থাকবে না।
    - উল্লিখিত যেকোনো একটি কারণে টিকার প্রয়োজনীয়তার ক্ষেত্রে আপনি ব্যতিক্রমী ছাড় চাইলে অথবা টিকা গ্রহণের প্রমাণ প্রদর্শনের জন্য অতিরিক্ত সময় চাইলে আপনার নিয়োগকর্তাকে অবশ্যই আপনার সাথে একটি সহযোগিতামূলক সংলাপ বা বিশ্বাসপূর্ণ আলোচনার মাধ্যমে সিদ্ধান্তে আসতে হবে আপনাকে যুক্তিসঙ্গত অবস্থান কোনো সুবিধা দেওয়া সম্ভব কিনা।
    - যুক্তিসঙ্গত অবস্থান সুবিধা বিভিন্ন ধরনের হতে পারে। উদাহরণস্বরূপ, একজন কর্মী দূর থেকে কাজ করতে পারেন, প্রাঙ্গণের ইনডোর অংশের বাইরে বা অন্য কর্মীদের থেকে আলাদা কোনো স্থানে দায়িত্ব পালন করতে পারেন অথবা

কাজ থেকে ছুটি নিতে পারেন।

NYCHRL-এর দ্বারা কারা সুরক্ষিত?

যে সকল গ্রাহক নিউ ইয়র্ক সিটির জনগণকে পণ্য বা সেবা প্রদানকারী ব্যবসাসমূহকে পৃষ্ঠপোষকতা করেন, তারা সুরক্ষিত। কর্মীরা সুরক্ষিত যদি তারা নিউ ইয়র্ক সিটিতে এমন নিয়োগকর্তাদের জন্য কাজ করেন বা কাজ করার জন্য আবেদন করেন[1] যাদের চার বা ততোধিক কর্মী রয়েছে। পূর্ণকালীন বা খণ্ডকালীন কর্মী; কর্মী, ইন্টার্ন বা স্বাধীন ঠিকাদার; এবং অভিবাসন অবস্থা নির্বিশেষে কর্মীরা সুরক্ষিত।

আমি যদি একজন গ্রাহক হই এবং প্রতিবন্ধীত্বের কারণে টিকা গ্রহণের প্রমাণ দেখাতে না পারি, তাহলে আমার কী করা উচিত?

12 বছরের কম বয়সী গ্রাহকরা টিকা গ্রহণের প্রমাণ প্রদর্শন করা হতে অব্যাহতি প্রাপ্ত। 12 বছর বা তার বেশি বয়সী যেসকল গ্রাহক টিকা গ্রহণের পর্যাপ্ত প্রমাণ প্রদর্শন করতে পারবেন না, তারাও দ্রুত ও সীমিত উদ্দেশ্যে (যেমন, বাথরুম ব্যবহার বা খাবারের অর্ডার দেওয়ার জন্য) ব্যবসা প্রতিষ্ঠানের ইনডোর অংশে যেতে পারবেন যদি গ্রাহক অন্য লোকদের সাথে 6 ফুট দূরত্ব বজায় রাখতে না পারলে সারাক্ষণ মাস্ক পরে থাকেন। আপনার বয়স যদি 12 বছর বা তার বেশি হয় এবং Key to NYC এর আওতাধীন কোনো ব্যবসা প্রতিষ্ঠানের ইনডোর অংশে প্রবেশ করতে চান কিন্তু প্রতিবন্ধীত্বের কারণে টিকা গ্রহণের প্রমাণ দেখাতে না পারেন, তাহলে আপনার সেখানকার মালিক বা কর্মীদের সাথে কথা বলে দেখা উচিত আপনি কোনো যুক্তিসঙ্গত অবস্থান সুবিধা পান কিনা যার মাধ্যমে আপনি ব্যবসা প্রতিষ্ঠানের জন্য সরাসরি কোনো ঝুঁকি বা অত্যধিক কষ্টের কারণ সৃষ্টি না করে তাদের পণ্য বা সেবা অ্যাক্সেস করতে পারেন। ব্যবসা প্রতিষ্ঠানকে আপনার সাথে একটি সহযোগিতামূলক সংলাপ বা বিশ্বাসপূর্ণ আলোচনার মাধ্যমে আপনার চাহিদা ও সম্ভাব্য সুবিধাগুলো নিয়ে ভাবতে হবে। দ্রুত ও সীমিত উদ্দেশ্য ছাড়া অন্য কোনো কারণে আপনাকে ইনডোর অংশে প্রবেশের অনুমতি দিতে ঐ ব্যবসা প্রতিষ্ঠান বাধ্য নয়। তবে, ব্যবসা প্রতিষ্ঠানটি তার ইনডোর অংশের পরিবর্তে বাইরের অংশে, ফোনের মাধ্যমে বা অনলাইন প্ল্যাটফর্মে আপনাকে সেবা প্রদান করতে পারে।

একজন গ্রাহক হিসেবে, টিকা গ্রহণের প্রমাণ দেখাতে না পারার জন্য আমার প্রতিবন্ধীত্বের কী ধরনের প্রমাণ ব্যবসা প্রতিষ্ঠানগুলো দেখতে চাইতে পারে?

ব্যবসা প্রতিষ্ঠানগুলো আপনার কাছে আপনার প্রতিবন্ধিতার প্রমাণ চাইতে পারবে না বা আপনার প্রতিবন্ধিতার প্রকৃতি সম্পর্কে আক্রমণাত্মক প্রশ্ন করতে পারবে না। এর পরিবর্তে, তাদেরকে আপনার সাথে একটি সহযোগিতামূলক সংলাপের মাধ্যমে দেখতে হবে এমন কোনো যুক্তিসঙ্গত অবস্থান সুবিধা আছে কিনা যার মাধ্যমে ব্যবসা প্রতিষ্ঠান, তার কর্মী বা অন্যান্য গ্রাহকদের প্রতি কোনো সরাসরি ঝুঁকি বা অতিরিক্ত ক্ষতি এড়িয়ে আপনাকে সেবা প্রদান করা যায়।

যদি আমি একজন গ্রাহক হই এবং প্রতিবন্ধীত্ব ব্যতীত অন্য কোনো কারণে আমার টিকা গ্রহণের প্রমাণ দেখাতে না পারি, তাহলেও কি আমি যুক্তিসঙ্গত অবস্থান সুবিধা পাওয়ার অধিকার রাখি?

না। শুধুমাত্র প্রতিবন্ধীত্বের কারণে টিকা গ্রহণের প্রমাণ দেখাতে না পারা গ্রাহকরা NYCHRL-এর অধীনে যুক্তিসঙ্গত অবস্থান সুবিধা পাওয়ার অধিকার রাখেন।

যদি আমি একজন কর্মী হই এবং আমার টিকা প্রদানের প্রমাণ দেখাতে না পারি, তাহলে আমি কী করব?

আপনার নিয়োগকর্তার সাথে কথা বলুন এবং তাদেরকে জানান যে আপনি আপনার টিকা গ্রহণের প্রমাণ দেখাতে পারছেন না এবং দেখাতে না পারার কারণও জানান। কারণটি যদি প্রতিবন্ধীত্ব, গর্ভাবস্থা, ধর্মীয় বিশ্বাস হয় অথবা পারিবারিক সহিংসতা, নজরদারী বা যৌন অপরাধের শিকার হওয়ার কারণে হয়, তাহলে আপনার নিয়োগকর্তার উচিত হবে আপনার সাথে একটি সহযোগিতামূলক সংলাপ বা বিশ্বাসপূর্ণ আলোচনার মাধ্যমে আপনার চাহিদা ও সম্ভাব্য সুবিধাগুলো নিয়ে ভাবা। আপনার নিয়োগকর্তা আপনাকে কোনো যুক্তিসঙ্গত অবস্থান সুবিধা প্রদানে বাধ্য নয় যদি তার ফলে আপনার স্বাস্থ্য বা সুরক্ষা অথবা অন্যান্য কর্মী বা গ্রাহকের স্বাস্থ্য বা সুরক্ষা উল্লেখযোগ্য ক্ষতির মুখোমুখি হয়। তবে, ব্যবসা প্রতিষ্ঠানের জন্য সরাসরি ঝুঁকি বা অতিরিক্ত কষ্টের কারণ সৃষ্টি না করে আপনার কাজ করা চালিয়ে যাওয়ার কোনো উপায় আছে কিনা তা বের করার জন্য আপনাকে ও আপনার নিয়োগকর্তাকে একত্রে কাজ করতে হবে। উদাহরণস্বরূপ, আপনি দূর থেকে, প্রাঙ্গণের ইনডোর অংশের বাইরে, বা অন্যান্য লোকের থেকে আলাদা কোনো জায়গায় কাজ করতে

---

[1] NYCHRL সকল কর্মীকে তাদের নিয়োগকর্তার সংখ্যা নির্বিশেষে যৌন হয়রানি সহ লিঙ্গ ভিত্তিক বৈষম্য থেকে রিক্ষা করে।

পারেন। যদি আপনাকে নিরাপদে কাজের দায়িত্ব পালনের সুযোগ করে দিতে যুক্তিসঙ্গত অবস্থান কোনো সুবিধা না থাকে, তাহলে আপনার নিয়োগকর্তা আপনাকে ছুটি প্রদান করতে পারেন যতদিন আপনি টিকা গ্রহণের প্রমাণ দেখাতে না পারেন অথবা অন্যথায় আপনার জন্য কাজ পুনরায় শুরু করা নিরাপদ না হয়।

যদি আপনি আপনার টিকা গ্রহণের প্রমাণ হারিয়ে ফেলেন এবং এর প্রতিস্থাপনের জন্য সহায়তা চান, তাহলে আপনি আপনার টিকা গ্রহণের রেকর্ডের একটি কপির জন্য এখানে অর্ডার করতে পারেন।

যুক্তিসঙ্গত অবস্থান সুবিধা প্রার্থী একজন কর্মী হিসেবে, আমার নিয়োগকর্তা আমার কাছে কী ধরনের প্রমাণ চাইতে পারেন?

- আপনি যদি কোনো স্বাস্থ্যগত সমস্যা বা গর্ভাবস্থার কারণে যুক্তিসঙ্গত সুবিধা খুঁজেন, তাহলে আপনার নিয়োগকর্তা চিকিৎসা প্রদানকারীর কাছ থেকে একটি নোটের জন্য অনুরোধ করতে পারেন, যা আপনার টিকা গ্রহণের অসমর্থ হওয়ার বিষয়টি নিশ্চিত করবে। তবে, নোটটিতে আপনার স্বাস্থ্যগত সমস্যা বা গর্ভাবস্থা সুনির্দিষ্ট করে উল্লেখ করতে হবে না।
- আপনি যদি ধর্মীয় বিশ্বাসের কারণে যুক্তিসঙ্গত অবস্থান সুবিধা চেয়ে থাকেন, তাহলে আপনার নিয়োগকর্তা সহায়ক ডকুমেন্টেশন চাইতে পারেন যদি তারা সে কারণে আপনার টিকা গ্রহণের প্রমাণ প্রদর্শনের অসক্ষমতার সত্যতা অনুসন্ধান করতে চান।
- যদি আপনি গৃহ নির্যাতন, যৌন অপরাধ বা নজরদারীর শিকার হওয়ার কারণে যুক্তিসঙ্গত অবস্থান সুবিধা চেয়ে থাকেন, তাহলে আপনার নিয়োগকর্তা সংশ্লিষ্ট সেবা প্রোভাইডারের কাছ থেকে একটি নোটের জন্য অনুরোধ করতে পারেন যা আপনার টিকা গ্রহণের প্রমাণ প্রদর্শনের অসক্ষমতাকে সমর্থন করে।

আমি যদি একজন কর্মী হই এবং টিকা নিতে না চাই, তাহলেও কি আমি যুক্তিসঙ্গত সুবিধা পাওয়ার অধিকার রাখি?

না। কর্মীরা শুধুমাত্র তাদের প্রতিবন্ধীত্ব, গর্ভাবস্থা, ধর্মীয় বিশ্বাসের কারণ অথবা পারিবারিক সহিংসতা, স্টকিং বা যৌন অপরাধের শিকার হওয়ার কারণ সংশ্লিষ্ট প্রয়োজনীয়তার জন্য যুক্তিসঙ্গত অবস্থান সুবিধা পাওয়ার অধিকার রাখেন।

যদি আমি বুঝতে পারি যে Key to NYC এর আওতাধীন কোনো ব্যবসা প্রতিষ্ঠান এখানে বর্ণিত নিয়মাবলী অনুসরণ করেনি, তাহলে আমার কী করা উচিত?

(212) 416-0197 নম্বরে হিউম্যান রাইটস কমিশনে কল করুন অথবা NYC.gov/HumanRights -তে একটি অনুসন্ধান জমা দিন। আপনি বেনামে একটি পরামর্শ দিতে পারেন অথবা আপনার সাথে যা ঘটেছে সে ব্যাপারে একটি অভিযোগ দায়ের করে পারেন।